Matured Technology

প্রতিষ্ঠানঃ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

প্রযুক্তি উদ্ভাবনের সালঃ ২০১৭-২০১৮

প্রযুক্তির নাম	কেনাফ এইচসি-৯৫ এর কর্তণ বয়স নির্ণয়
প্রযুক্তির বৈশিষ্ট্য	১। সংক্ষিপ্ত সময়ে (১০৫ দিনে) আশানুরূপ কেনাফের ফলন পাওয়া যায়। ২। জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ফসলের নিবীড়তা (Cropping intensity) বাড়ানো যায়। ৩। স্বল্প সময়ে অধিক মুনাফা অর্জন করা যায়।
প্রযুক্তির উপযোগিতা	- নিচু, কম উর্বর জমিতে কেনাফ চাষের জন্য এই প্রযুক্তি বেশ উপযোগী। - যেসব জায়গার ০৪ (চার) টি শস্যক্রম বা তদূর্দ্ধ অনুসরন করা হয় তাদের জন্য এটি বেশ ভাল একটি প্রযুক্তি। - এ পদ্ধতিতে অল্প জমিতে অধিক ফসল চাষ করে অধিক লাভবান হওয়া সম্ভব।
মাঠ পর্যায়ের তথ্য	-নিচু জমিতে চাষের জন্য কেনাফ এইচসি-৯৫ খুবই উপযোগী জাত - বিজেআরআই সুপারিশকৃত কেনাফ চাষ পদ্ধতি অনুসরন করে এই জাতের কেনাফ চাষ করতে হবে। - দ্রুত বর্ধণশীল এই জাত বপন পরবর্তী ১০৫ ও ১২০ দিনে আঁশের ক্ষেত্রে পরিসংখ্যানগত ভাবে একই ফলন (হেক্টর প্রতি প্রায় ৩ টন) দেয়।
প্রযুক্তি হতে প্রাপ্তি	পূর্বে কৃষক কেনাফ ১২০ দিনে কাটত, এতে করে পরবর্তী ফসল আবাদ করতে দেরী হয়ে যেত। কেনাফ এইচসি-৯৫, ১০৫ দিনে কাটলেও আঁশের ফলন (৩.১ টন/হেক্টর) ভালো পাওয়া যাবে। এতে করে এই পাট চাষী আগের চেয়ে কমপক্ষে ১৫ দিন আগে কেনাফ কেটে পরবর্তী ফসল করতে পারবে এবং প্রযোজ্য ক্ষেত্রে চার ফসলক্রম অনুসরণ করতে পারবে।





উপযুক্ত কর্তণ বয়সে কেনাফ এইচসি-৯৫